



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH
PHONE-PABX: 9562140-4, FAX: 880-2-9564120; Web: www.bcic.gov.bd



সূত্র নং : ৩৬.০১.০০০০.১১৭.১৮.৭০৯ (বিএফ).২০২১/১৭

তারিখঃ ২৬-০১-২০২৩খ্রি.
রেজিঃ উইথ এ/ডি ফেরতসহ

বিষয়ঃ চাকুরি হতে বরখাস্তকরণ প্রসংগে।

আপনি গত ১৯-০১-২০২০ তারিখ সংস্থার চাকুরীতে যোগদান করে চাকুরীর শর্তাদি পূরণ না করেই গত ০১-০৪-২০২১ তারিখে দাখিলকৃত আবেদন দ্বারা ০৩-০৪-২০২১ তারিখ হতে চাকুরীতে ইস্তফা প্রদান করে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনার দাখিলকৃত পদত্যাগপত্র বিবেচনার নিমিত্তে সংস্থা কর্তৃক গত ০৭-০৬-২০২১খ্রিঃ তারিখে নং : ৩৬.০১.০০০০.১১৭.১৮.৭০৯(বিএফ).২০২১/৪৫৬ দ্বারা আপনার নিকট সংস্থার প্রাপ্য ২,৬৯,৩০০/- (দুই লক্ষ ঊনসত্তর হাজার তিনশত) টাকা সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ অথবা টিএসপিএল এর হিসাব বিভাগে জমাদানপূর্বক মূল রশিদ কর্মচারী বিভাগে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও আপনি সংস্থার প্রাপ্য টাকা জমা দেননি। তদপ্রেক্ষিতে বিধি অনুযায়ী সংস্থা থেকে গত ০৭-১১-২০২১ তারিখে সূত্র নং : ৩৬.০১.০০০০.১১৭.১৮.৭০৯(বিএফ).২০২১/৩২০ দ্বারা অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। আপনি কোন জবাব প্রদান না করায় গত ০৭-০৪-২০২২ তারিখ সূত্র নং : ৩৬.০১.০০০০.১১৭.১৮.৭০৯(বিএফ).২০২১/১১২(ক) দ্বারা বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রতিবেদনমতে, আপনার বিরুদ্ধে অভিযোগনামায় উত্থাপিত অভিযোগ যুক্তিযুক্তভাবে প্রতিষ্ঠিত হয়েছে। ফলশ্রুতিতে বিভাগীয় মামলার ধারাবাহিকতা স্বরূপ গত ১৫-১১-২০২২ তারিখ সূত্র নং : ৩৬.০১.০০০০.১১৭.১৮.৭০৯(বিএফ).২০২১/৩৫৭ দ্বারা আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। আপনার নিকট হতে কোন লিখিত জবাব পাওয়া না যাওয়ায় আপনার কৃত অপরাধের গুরুত্ব বিবেচনায় বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৯ (খ) (ঈ) অনুযায়ী আপনার বিরুদ্ধে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করলাম-

“আপনাকে সংস্থার চাকুরী হতে এতদ্বারা বরখাস্ত করা হলো”।

উল্লেখ্য, আপনার নিকট সংস্থার বকেয়া প্রাপ্য ২,৬৯,৩০০/- (দুই লক্ষ ঊনসত্তর হাজার তিনশত) টাকা সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ অথবা টিএসপিএল এর হিসাব বিভাগে আগামী ০১ (এক) মাসের মধ্যে জমাদানপূর্বক রিসিটের ফটোকপি ও আবেদন প্রধান কার্যালয়ের কর্মচারী প্রধান বরাবর দাখিল করার নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে মানিস্যুট/উপযুক্ত মামলা দায়ের করা হবে।

(মোঃ সাইদুর রহমান)
চেয়ারম্যান (গ্রেড-১)
বিসিআইসি, ঢাকা।

ফোন নং - ০২-২২৩৩৮৪১৫৩

E-mail: chairman.bcic@gmail.com

প্রাপকঃ

বর্তমান ঠিকানাঃ

জনাব শারমিন আক্তার,
পিতা : মোঃ ফুল মিয়া,
বাসা-১০, রোড-০৩, রসুলবাগ
ডাক ও থানা : খিলগাঁও
জেলাঃ ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ

জনাব শারমিন আক্তার,
পিতা : মোঃ ফুল মিয়া,
রূপসদী দঃপঃ পাড়া,
ডাকঃ রূপসদী, থানাঃ বাঞ্ছারামপুর,
জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি : (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়)।

১। ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি কমপ্লেক্স লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

২। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।

৩। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি।

৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন-২, কর্মচারী বিভাগ, বিসিআইসি।

৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), নিয়োগ ও প্রশিক্ষণ অনু-বিভাগ, বিসিআইসি।

৬। উপ-কর্মচারী প্রধান (প্রশাসন), প্রশাসন-১, কর্মচারী বিভাগ, বিসিআইসি - বিষয়ব্যক্তির ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ।

৭। হিসাব বিভাগীয় প্রধান, টিএসপি কমপ্লেক্স লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

৮। সচিব, সিপিএফ ফাল্ড ট্রাস্ট, বিসিআইসি।

৯। সচিব, গ্র্যাচুইটি ফাল্ড ট্রাস্ট, বিসিআইসি।

১০। নোটিশ বোর্ড (সকল)। ১১। মহানথি।